ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

**আসুন, পানির ওপর অধিকার প্রতিষ্ঠায়
সক্রিয় হই এখনই, একসাথে**

# ২২ মার্চ, বিশ্ব পানি দিবস

# পানিসম্পদ খাতে চাই সুশাসন স্বচ্ছতা ও জবাবদিহিতা

**নিরাপদ পানি প্রাপ্তি প্রতিটি মানুষের অন্যতম মৌলিক অধিকার। পানি প্রাপ্তির অধিকার অন্য সকল মানবাধিকার অর্জনেরও পূর্বশর্ত। পানিসম্পদে সকলের অধিকার নিশ্চিত করার জন্য এ খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা অপরিহার্য। এই লক্ষ্যে প্রয়োজন সরকার, প্রশাসন, রাজনৈতিক নেতৃত্ব এবং এ খাতে কর্মরত ব্যবসায়ী ও বেসরকারি প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলের পক্ষ থেকে কার্যকর উদ্যোগ গ্রহণ।**

- নদীমাতৃক বাংলাদেশে পানিসম্পদের ওপর সকল নাগরিকের অধিকার প্রতিষ্ঠা এবং পানিসম্পদকে উন্নয়ন ও জনগণের জীবনমান পরিবর্তনের লক্ষ্যে কার্যকরভাবে ব্যবহার করায় ব্যর্থতা অগ্রহণযোগ্য।
- সকল নাগরিকের জন্য পরিমাণ ও গুণগত মানসম্পন্ন পানির সহজপ্রাপ্যতা এবং পানিসম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পানি নীতি (১৯৯৯) দ্রুত বাস্তবায়ন করতে হবে। প্রস্তাবিত খসড়া জাতীয় পানি আইন সকল স্টেকহোল্ডারের অংশগ্রহণের মাধ্যমে চূড়ান্ত করতে হবে।
- পানিসম্পদ খাতে বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতি, বিশেষ করে দায়িত্বে অবহেলা, সম্পদ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার, ঘুষ, প্রতারণা, চাঁদাবাজি ও প্রভাব বিস্তার বন্ধ করতে হবে।
- দেশের বিভিন্ন অঞ্চলে ক্ষমতাবান ব্যক্তি, ব্যবসায়ী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের যোগসাজশে নদী, হাওর- বাওর, খাল-বিল, হ্রদ, জলাশয়, জলমহালসমূহ বেআইনীভাবে দখল করা হচ্ছে। এসব অনিয়মের সাথে জড়িতদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে।
- পানিসম্পদ খাতে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনার কারণে পরিবেশ দূষণ, কর্ম ও বাসস্থান থেকে উচ্ছেদ, স্বাস্থ্যহানি ইত্যাদির শিকার হচ্ছে সাধারণ মানুষ। নারী, শিশুসহ প্রান্তিক জনগোষ্ঠীর ওপর এর নেতিবাচক সামাজিক ও অর্থনৈতিক প্রভাব পড়ছে। এসবের প্রতিকারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রসূত কার্যকর উদ্যোগ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সারাদেশে, বিশেষ করে ঢাকাসহ শহরাঞ্চলে সকলের জন্য নিরাপদ ও বিশুদ্ধ পানি সরবরাহ যেভাবে চরম হুমকির সম্মুখীন, তার বাস্তব সমাধান করতে হবে।

সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির আলোকে পানিসম্পদ ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠা, সমন্বয় সাধন ও জনগণের অংশগ্রহণের মাধ্যমে পানির ওপর অধিকার ও পানি নিরাপত্তা নিশ্চিত করা দেশের প্রতিটি মানুষের একান্ত চাহিদা।

দুর্নীতি
থামান
...এখনই